

বাংলাদেশ ইউনিভার্সিটি অব প্রফেশনালস্



Controller

বিজ্ঞপ্তি

বিএসসি ইঞ্জিনিয়ারিং প্রোগ্রামসমূহের টার্ম-১ ও ২ এর রেফার্ড/ব্যাকলগ পরীক্ষা ফেব্রুয়ারি-২০১৭

১। সকল শিক্ষার্থী ও সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, মিলিটারি ইন্সটিটিউট অব সাইন্স এন্ড টেকনোলজি (এমআইএসটি) এর বিএসসি ইঞ্জিনিয়ারিং প্রোগ্রামসমূহের টার্ম-১ ও টার্ম-২ এর রেফার্ড/ব্যাকলগ পরীক্ষা ১২ ফেব্রুয়ারি ২০১৭ তারিখ হতে আরম্ভ হবে। উক্ত পরীক্ষায় অংশগ্রহণেচ্ছুক ছাত্র-ছাত্রীদের এমআইএসটি'র অ্যাডমিশন সেকশন হতে পরীক্ষায় অংশগ্রহণের আবেদন ফরম সংগ্রহ ও স্বহস্তে পূরণ করে সংশ্লিষ্ট বিভাগীয় প্রধান কর্তৃক প্রত্যয়ন করিয়ে নিজ নিজ বিভাগীয় অফিসে জমা দিতে হবে।

২। ফিসের হার (প্রতি শিক্ষার্থী)

ক।	পরীক্ষার ফি : প্রতি বিষয়	-	১,৪০০.০০ (এক হাজার চারশত মাত্র) টাকা;
খ।	গ্রেডশিট ফি : প্রতি টার্ম	-	৫০০.০০ (পাঁচশত মাত্র) টাকা।

৩। পরীক্ষায় অংশগ্রহণের আবেদন ফরমের যথাস্থানে পরীক্ষার্থীর পাসপোর্ট সাইজের ছবি দুটি স্ট্যাপল পিন অথবা গাম দিয়ে এমনভাবে লাগাতে হবে যেন সহজে খুলে না যায়। ছবিটি লাগানোর পর পরিচালক, একাডেমিক উইং (ডিন)/ বিভাগীয় প্রধান উহা এরূপভাবে সত্যায়ন করবেন যেন তার স্বাক্ষরের কিছু অংশ ছবির উপর এবং কিছু অংশ পরীক্ষায় অংশগ্রহণের আবেদন ফরম ও প্রবেশপত্রের উপর থাকে। এ বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রেশন নম্বর ছাড়া কোন পরীক্ষার্থীর পরীক্ষায় অংশগ্রহণের আবেদন ফরম গ্রহণযোগ্য নয়।

৪। পূরণকৃত ফরম ও ফিস ০২ ফেব্রুয়ারি ২০১৭ তারিখের মধ্যে বিইউপি'র পরীক্ষা নিয়ন্ত্রকের অফিসে জমা দানের জন্য এমআইএসটি'র সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কে অনুরোধ করা যাচ্ছে। পরীক্ষার ফিস সমূহ “বিইউপি জেনারেল ফান্ড” এর অনুকূলে পে-অর্ডার/অবিনিমেয় চেক এর মাধ্যমে জমা দিতে অনুরোধ করা হলো।

বিঃ দ্রঃ নির্ধারিত তারিখের পর কোন অবস্থাতেই উক্ত পরীক্ষার ফরম ও ফিস গ্রহণ করা হবে না।

মোহাম্মদ মইনুল ইসলাম
উপ-পরীক্ষা নিয়ন্ত্রক

পত্র নং: ২৩.০১.৯০২.৮৫৮.০৯.৭৮৬.০৩.১

তারিখ: ০২ জানুয়ারি ২০১৭

আপনাদের অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

- ১। একাডেমিক উইং (এক্সাম সেকশন), এমআইএসটি।
- ২। অ্যাডমিশন সেকশন (নোটিশ বোর্ডে প্রদর্শনের জন্য অনুরোধ করা হলো), এমআইএসটি।
- ৩। আইসিটি সেন্টার (ওয়েব সাইটে প্রদর্শনের জন্য অনুরোধ করা হলো), বিইউপি।

মোহাম্মদ মইনুল ইসলাম
উপ-পরীক্ষা নিয়ন্ত্রক